তারিখ 22 MAR 2009
পৃষ্ঠা

সংবাদ

# প্রশিক্ষণের অভাবে ২০ ভাগ শিক্ষক পেশা ত্যাগ করেন

## আহ্ছানিয়া মিশনের সেমিনারে তথ্য

নিজস্ব বার্তা পরিবেশক

শিক্ষকতা পেশায় উপযুক্ত প্রাথমিক প্রশিক্ষণ না থাকায় শতকরা ২০ ভাগ নতুন শিক্ষক তাদের পেশা ত্যাগ করেন। প্রাথমিক শিক্ষাদানের অভিজ্ঞতার ওপর শিক্ষকতা পেশার ভবিষ্যৎ অনেকাংশে নির্ভরশীল। এ ছাড়া বেতন ও সামাজিক অবস্থানের বিষয়েও কর্তৃপক্ষকে মনোযোগ দিতে হবে।

গত বুধবার ঢাকা আহ্ছানিয়া মিশন আয়োজিত আহ্ছানউল্লা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষা অনুষদের সহযোগিতায় ধানমণ্ডির মিশন ভবন অডিটরিয়ামে 'দক্ষিণ এশিয়ার শিক্ষক প্রশিক্ষণের বর্তমান অবস্থা' শীর্ষক সেমিনারে ইউনেস্কো বাংলাদেশের সাবেক প্রতিনিধি ড. উলফ গ্যাং ভলম্যান এ কথা বলেন। তিনি আরও বলেন, শিক্ষক প্রশিক্ষণের জন্য বিদেশের তৈরি উপকরণগুলো দুষ্প্রাপ্য হলেও তা দেশেই স্থানীয়ভাবে তৈরি করতে হবে। প্রশিক্ষণ গ্রহণকারীদের পূর্ব অভিজ্ঞতার সঙ্গে পাঠক্রমের সমন্বয়ের সুযোগ থাকতে হবে। মহিলা ও পুরুষ শিক্ষকদের অভিজ্ঞতা এবং চাহিদার আলোকে প্রাক-প্রশিক্ষণ ও চাকরিকালীন প্রশিক্ষণের বিষয়বস্তু নির্ধারণ করতে হবে। প্রশিক্ষণে জেন্ডার সমতার বিষয়টিকে গুরুত্ব দিতে হবে।

সেমিনারে মূল আলোচনা করেন ইউনেস্কো বাংলাদেশের সাবেক প্রতিনিধি ড. উলফ গ্যাং ভলম্যান। সেমিনার পরিচালনা করেন ঢাকা আহ্ছানিয়া মিশনের নির্বাহী পরিচালক এম. এহ্ছানুর রহমান। এ ছাড়াও অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন আহ্ছানউল্লা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষা অনুষদের ডিন প্রফেসর ফাতেমা খাতুন এবং ঢাকা আহ্ছানিয়া মিশনের সিনিয়র প্রোগ্রাম অফিসার নাফিজ উদ্দিন খান। এ ছাড়া উপস্থিত আমন্ত্রিত অতিথিরাও উন্মুক্ত আলোচনায় অংশ নেন।